পিতা-মাতাদের প্রতি এন.সি.এল.বি. (NCLB) স্কুল উন্নয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রিয় পিতা-মাতা বা অভিভাবক:

কোন শিশুই পিছিয়ে থাকবেনা (NCLB) ধারা ২০০১ সকল শিশুদের লেখাপড়ায় উন্নতির জন্য একটি ফেডারেল আইন। এটা সাফল্যের জন্য স্কুলগুলোকে দায়বদ্ধ করে, পিতা-মাতাদের বেছে নেয়ার অধিকতর সুযোগ দেয় এবং কার্যকর শিক্ষা পদ্ধতির প্রসার ঘটায়। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (এন.ওয়াই.সি.ডি.ও.ই.) সকল স্কুলের শিক্ষার্থীদের উচ্চ মান অর্জনে এবং প্রতিটি স্কুলের প্রতিটি শিক্ষার্থীর জন্য উন্নত শিক্ষা প্রদানে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা অগ্রসর হচ্ছি, কিন্তু এখনো আমাদের সকল ছেলেমেয়েদের জন্য করতে হবে এমন অনেক কাজ বাকি রয়ে গেছে।

জানুয়ারি ২০০৭ সালে, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট ফেডারেল এন.সি.এলবি.-এর ধারা অনুযায়ী নিউ ইয়র্ক শহরের যে স্কুলগুলো উন্নতি আবশ্যক, সেগুলোকে চিহ্নিত করেছে। স্কুলগুলোকে নিম্নলিখিত কোন একটি ক্যাটেগরীতে চিহ্নিত করা হয়েছে: টাইটেল ওয়ান উন্নতি আবশ্যক স্কুল - বর্ষ ১, টাইটেল ওয়ান উন্নতি আবশ্যক স্কুল - বর্ষ ২, টাইটেল ওয়ান সংশোধন প্রক্রিয়াধীন স্কুল - বর্ষ ১, পুনর্গঠন পরিকল্পনাধীন টাইটেল ওয়ান সংশোধন প্রক্রিয়াধীন স্কুল - বর্ষ ২, টাইটেল ওয়ান পুনর্গঠনরত স্কুল - বর্ষ ১, টাইটেল ওয়ান পুনর্গঠনরত স্কুল - বর্ষ ২ অথবা টাইটেল ওয়ান পুনর্গঠনরত স্কুল - বর্ষ ৩। এর অর্থ হচ্ছে, এ স্কুলগুলো এ পর্যন্ত ইংরেজি ভাষা শৈলী, গণিত এবং/অথবা বিজ্ঞানে স্টেট-এর দক্ষতার স্তর অর্জনের লক্ষ্যে যথা প্রয়োজন বাৎসরিক অগ্রগতি (AYP) করতে পারেনি।

আপনার সন্তানের প্রয়োজন সবচেয়ে ভালোভাবে মেটানোর জন্য সর্বোৎকৃষ্ট মানের শিক্ষানির্দেশনা কর্মসূচি প্রদানের সর্বাত্মক উদ্যোগ নেয়া হচ্ছে। আমরা আস্থাশীল যে অনেকগুলো সহায়তামূলক এবং উদ্দীপনামূলক নতুন কর্মসূচি শহরব্যাপী এবং স্কুল পর্যায়ে চালু করায় এ স্কুল বর্ষটি আপনার সন্তানের জন্য একটি সফল অভিজ্ঞতা নিয়ে আসবে। যে সমস্ত সহায়তা এবং কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে, তা হলো:

- সকল শিক্ষকদের জন্য পেশাগত উন্নয়নের সুযোগ, যা নজর দেবে সমস্যা জর্জরিত শিক্ষার্থীদের সহায়তা করার নতুন কৌশলের প্রতি;
- ভোরে শুরু করার মাধ্যমে স্কুল দিবস দীর্ঘায়িত করা, যার কারণে অনেক শ্রেণিকক্ষে দুইজন শিক্ষক দেয়া সম্ভব হবে;
- আমাদের শিক্ষকদের শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের সাথে কাজ করার জন্যে স্কুলসমূহে সাক্ষরতা এবং গণিত প্রশিক্ষক নিয়োগ ;
- সমস্যা জর্জরিত শিক্ষার্থীদের সহায়তা করার জন্যে নতুন শিক্ষা পদ্ধতি এবং ক্ষুদ্রাকৃতির শ্রেণিকক্ষ;
- শ্রেণিকক্ষে নিযুক্ত করার জন্য উচ্চ-শিক্ষিত এবং সনদপ্রাপ্ত শিক্ষকদের অব্যাহত নিয়োগদান;
- পাঠ ও গণিত দক্ষতা বৃদ্ধির জন্য শ্রেণিকক্ষে আরো অধিক সময় ব্যয়;
- দৈনিক উপস্থিতি বৃদ্ধির জন্য কৌশল; এবং
- সম্প্রসারিত অভিভাবক সংশ্লিষ্টকরণ কর্মসূচি।

আপনার সন্তান যাতে প্রত্যহ সময়মতো স্কুলে আসে, সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে আপনার সন্তানকে সহায়তা করার জন্যে আমরা আপনাকে অনুরোধ করছি। নিশ্চিত করুন যে, বাড়িতে করার জন্য সকল কাজ এবং স্কুলের প্রজেক্ট সময়মতো সম্পন্ন হয়। আমরা আপনাকে স্কুলের কার্যাবলিতে অংশগ্রহণের জন্যও আমন্ত্রন জানাই। আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক অগ্রগতিতে লক্ষ্য রাখার জন্য স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং আপনার সন্তানের শিক্ষকদের সাথে আরো ঘনিষ্টভাবে যোগাযোগ রাখবেন। শিক্ষককে জানিয়ে দেন যে, কোন সমস্যা দেখা দেয়ার সাথে সাথে আপনি তা জানতে আগ্রহী, যাতে আপনি সমস্যার সমাধান বের করার জন্য একসাথে কাজ করতে পারেন। আমরা আপনাকে স্কুলের প্যারেন্টস্ অ্যাসোসিয়েশন এবং স্কুল লিডারশিপ টিমে সক্রিয় হওয়ার জন্য উৎসাহিত করছি।

কোন শিশুই পিছিয়ে থাকবেনা (NCLB) ধারা ২০০১ অনুযায়ী উন্নতি আবশ্যক স্কুল হিশেবে চিহ্নিত স্কুলের কিছু কিছু শিক্ষার্থী সাপ্লিমেন্টাল এডুকেশন্যাল সার্ভিসেস (অতিরিক্ত শিক্ষা সহায়তা, এস.ই.এস.) পাওয়ার যোগ্য। এস.ই.এস. হলো টিউটরিং বা অন্যান্য সংশোধনাত্মক পরিষেবা যা নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত পরিষেবা প্রদানকারী আপনাদেরকে বিনামূল্যে স্কুল ছুটির পর অথবা সপ্তাহান্তে প্রদান করে থাকেন। আপনার সন্তান যদি বিনামূল্যে দুপুরের খাবার পাওয়ার যোগ্য হয়ে থাকে এবং যদি সে এমন কোন স্কুলে পড়ে যে স্কুলটি দুই বৎসর বা অধিক কালের জন্য উন্নতি আবশ্যক স্কুল হিশেবে চিহ্নিত হয়ে থাকে, তাহলে আপনি স্টেট অনুমোদিত প্রোভাইডারদের মধ্য থেকে বেছে নেয়ার সুযোগ লাভ করবেন। এস.ই.এস. প্রোভাইডারদের সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য একটি আলাদা বিজ্ঞপ্তির মাধ্যমে যোগ্য সন্তানের পিতা-মাতাদের কাছে সরবরাহ করা হবে।

কোন শিশুই পিছিয়ে থাকবেনা- এই ধারা অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন উন্নতি ্বাবশ্যক হিশেবে চিহ্নিত স্কুলে তালিকাভুক্ত শিক্ষার্থীদেরকে উন্নতির জন্য চিহ্নিত হয়নি এমন একটি স্কুলে বদলি হওয়ার জন্য বেছে নেয়ার সুযোগ দেয়। ফেডারেল আইন অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনকে বদলির জন্য আহ্বান জানানোর ক্ষেত্রে নিম্নতম আয়ের পরিবার থেকে আসা নিম্নতম সাফল্য অর্জনকারী শিক্ষার্থীদের প্রাধান্য দিতে হয়। পরবর্তী সময়ে আরো তথ্য এবং আবেদনপত্র উপযুক্ত সন্তানদের পিতা-মাতাদের কাছে পাঠানো হবে।

আপনার স্কুল প্রাতিষ্ঠানিকভাবে ডিস্ট্রিক্ট-এর অন্য স্কুলগুলির চেয়ে কেমন করছে, তার তুলনামূলক তথ্য পেতে আপনি আগ্রহী হলে আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর-এর কাছে একটি ছাপানো রিপোর্ট কার্ড দেয়ার জন্য অনুরোধ জানাতে পারেন। সকল স্কুলের রিপোর্ট কার্ড নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর ওয়েবসাইট http://schools.nyc.gov/daa/SchoolReports/default.asp-এও দেখা যেতে পারে।

চিহ্নিত স্কুলের জন্য উপরে বর্ণিত সহায়তা ও উন্নয়ন কর্মসূচি সম্পর্কে আপনাদের প্রশ্নের জবাব দেয়ার জন্য প্রতিটি চিহ্নিত স্কুলে পিতা-মাতাদের একটি সভার সময় নির্ধারণ করা হয়েছে। এ সভায় আপনি পছন্দ অনুযায়ী পাবলিক স্কুল বদলি করার পদ্ধতি এবং এস.ই.এস. সম্পর্কে আরো তথ্য জানতে পারবেন।

আপনার অব্যাহত সমর্থন এবং সহযোগিতার জন্য ধন্যবাদ। আমরা আমাদের সকল শিক্ষার্থী এবং স্কুল কম্যুনিটির জন্য একটি সফল বছরের প্রত্যাশা করছি। আপনার যদি কোন প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনি নিঃসংকোচে আপনার স্কুলের প্রিন্সিপ্যাল বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।